

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ শিশু একাডেমি
সার্কিট হাউজ রোড, রাজশাহী
ফোন: ০২৫৮৮৮৫০৪০৩
bsarajshahi@gmail.com



Bangladesh
শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা

স্মারক নং- বাশিএ/রাজ/২০২১-২২/১২৭(১০০)

তারিখ- ০৩/০৩/২০২২ খ্রি.

বিষয় : ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২ যথাযোগ্য মর্যাদায় উদযাপন প্রসঙ্গে।

জেলা প্রশাসন ও বাংলাদেশ শিশু একাডেমি রাজশাহী জেলা শাখার উদ্যোগে আগামী ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে নিম্নলিখিত কর্মসূচির আয়োজন করা হয়েছে:

চিত্রাংকন, দেশাত্মবোধক সংগীত ও নির্ধারিত কবিতা আবৃত্তি প্রতিযোগিতার সময়সূচি ও নিয়মাবলী

তারিখ ও সময়	গ্রুপ ও বিষয়	স্থান
নৃত্য প্রতিযোগিতা ২৪.০৩.২০২২ রোজ বৃহস্পতিবার সকাল ১০.০০ টায়	ক বিভাগ : ১ম শ্রেণি পর্যন্ত (সাধারণ নৃত্য) খ বিভাগ : ২য় শ্রেণি - ৪র্থ শ্রেণি পর্যন্ত (সাধারণ নৃত্য) গ বিভাগ : ৫ম শ্রেণি - ৭ম শ্রেণি পর্যন্ত (দেশাত্মবোধক সংগীত) ঘ বিভাগ : ৮ম শ্রেণি - ১০ম শ্রেণি পর্যন্ত (দেশাত্মবোধক সংগীত)	শিশু একাডেমি রাজশাহী
চিত্রাংকন প্রতিযোগিতা ২৪.০৩.২০২২ রোজ বৃহস্পতিবার বিকেল ৩.০০ টায়	ক-বিভাগ : নার্সারী - ১ম শ্রেণি পর্যন্ত বিষয় : ইচ্ছামত খ-বিভাগ : ২য় শ্রেণি - ৪র্থ শ্রেণি পর্যন্ত বিষয় : বঙ্গবন্ধুর বাংলাদেশ গ-বিভাগ : ৫ম - ৭ম শ্রেণি পর্যন্ত বিষয় : মহান মুক্তিযুদ্ধ বিষয়ক ঘ-বিভাগ : ৮ম - ১০ম শ্রেণি পর্যন্ত বিষয় : গণহত্যা দিবস ঙ-বিভাগ : বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের চিত্রাংকন - বিষয় : ইচ্ছামত	শিশু একাডেমি রাজশাহী মিলনায়তন
দেশাত্মবোধক সংগীত ২৪.০৩.২০২২ রোজ বৃহস্পতিবার বিকেল ৪.০০ টায়	ক বিভাগ : ১ম শ্রেণি পর্যন্ত খ বিভাগ : ২য় শ্রেণি - ৪র্থ শ্রেণি পর্যন্ত গ বিভাগ : ৫ম শ্রেণি - ৭ম শ্রেণি পর্যন্ত ঘ বিভাগ : ৮ম শ্রেণি - ১০ম শ্রেণি পর্যন্ত	শিশু একাডেমি রাজশাহী মিলনায়তন
আবৃত্তি প্রতিযোগিতা ২৪.০৩.২০২২ রোজ বৃহস্পতিবার বিকেল ৪.০০ টায়	ক-বিভাগ : নার্সারী - ১ম শ্রেণি পর্যন্ত বিষয় : ইচ্ছামত খ-বিভাগ : ২য় শ্রেণি - ৪র্থ শ্রেণি পর্যন্ত বিষয় : মুক্তিযুদ্ধ বিষয়ক গ-বিভাগ : ৫ম - ৭ম শ্রেণি পর্যন্ত বিষয় : স্বাধীনতা তুমি (২৪ লাইন) ঘ-বিভাগ : ৮ম - ১০ম শ্রেণি পর্যন্ত বিষয় : স্বাধীনতা, এই শব্দটি কীভাবে আমাদের হলো- নির্মলেন্দু গুণ (২৫ লাইন)	শিশু একাডেমি রাজশাহী লাইব্রেরি কক্ষ
স্মৃতিচারণ ২৫.০৩.২০২২	২৫ মার্চ গণহত্যার স্মৃতিচারণ, পুরস্কার বিতরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান	শিশু একাডেমি

উল্লিখিত কর্মসূচিসমূহে আপনার প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য চিত্রাংকন প্রতিযোগিতায় সরাসরি অংশগ্রহণ করা যাবে এবং কার্টিজ পেপার ছাড়া অন্যান্য উপকরণ সঙ্গে আনতে হবে। দেশাত্মবোধক সংগীত ও আবৃত্তি প্রতিযোগিতা অংশগ্রহণ করতে স্বাস্থ্যবিধি মেনে আগামী ২৩.০৩.২০২২ তারিখের মধ্যে নাম তালিকাভুক্ত করা যাবে। আগামী ২৫ মার্চ ২০২২ রোজ শুক্রবার বেলা ১১.০০ ঘটিকায় বাংলাদেশ শিশু একাডেমি অডিটোরিয়াম, রাজশাহী বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ী শিশুদের পুরস্কার বিতরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান।

০৩.০৩.২০২২

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সভাপতি/সম্পাদক

মো. মনজুর কাদের

জেলা শিশু বিষয়ক কর্মকর্তা
বাংলাদেশ শিশু একাডেমি, রাজশাহী

অনুলিপিঃ সদয় অবগতি ও ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল।

- ১। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রাজশাহী
- ২। উপ-পরিচালক, গণ যোগাযোগ অধিদপ্তর, রাজশাহী (কার্যার্থে)
- ৩। আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, রাজশাহী (কার্যার্থে)
- ৪। জেলা শিক্ষা অফিসার, রাজশাহী (তাকে তাঁর নিয়ন্ত্রণাধীন সকল প্রতিষ্ঠানে পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল)
- ৫। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, রাজশাহী (তাকে তাঁর নিয়ন্ত্রণাধীন সকল প্রতিষ্ঠানে পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল)